# Times Today BD

সিনিয়র রিপোর্টার | জাতীয় | 12 April, 2025

'মার্চ ফর গাজা' গণসমাবেশে অংশ নিয়ে ইসলামিক স্কলার ড. মিজানুর রহমান আজহারী বলেছেন, জনতার এই মহাসমুদ্র ফিলিস্তিন ও আল আকসার প্রতি আমাদের ভালোবাসার প্রকাশ।ভৌগোলিকভাবে আমরা তাদের থেকে দূরে থাকলেও আজকের এই বিপুল উপস্থিতি প্রমাণ করে-আমাদের প্রত্যেকের হৃদয়ে বাস করে একটি করে ফিলিস্তিন।

শনিবার (১২ এপ্রিল) বিকেলে সোহরাওয়ার্দী উদ্যানে গণসমাবেশে উপস্থিত হন তিনি।

তার সঙ্গে কর্মসূচিতে উপস্থিত হয়েছেন-জনপ্রিয় ইসলামি আলোচক শায়খ আহমাদুল্লাহ, জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) দক্ষিণাঞ্চলের মুখ্য সংগঠক হাসনাত আব্দুল্লাহসহ অনেকে।

এসময় ফ্রি ফ্রি প্যালেস্টাইন! প্যালেস্টাইন উইল বি ফ্রি!—এই স্লোগান দেন মিজানুর রহমান আজহারী।

এদিন পবিত্র কোরআন তেলাওয়াতের মধ্য দিয়ে ফিলিস্তিনিদের প্রতি সংহতি প্রকাশের কর্মসূচি 'মার্চ ফর গাজা'র আনুষ্ঠানিকতা শুরু হয়েছে।

বিশ্বজুড়ে যখন ফিলিস্তিনের পাশে দাঁড়িয়ে প্রতিবাদ-সমাবেশ হচ্ছে, তখন বাংলাদেশেও 'প্যালেস্টাইন সলিডারিটি মুভমেন্ট বাংলাদেশ' ব্যানারে আয়োজিত হয়েছে এই ব্যতিক্রমধর্মী সমাবেশ।

আয়োজকদের মতে, এই কর্মসূচির লক্ষ্য-গাজার নিরস্ত্র জনগণের প্রতি সংহতি প্রকাশ, বিশ্বজনমত গঠন এবং মানবিক মূল্যবোধের পক্ষে সোচ্চার হওয়া।

সোহরাওয়ার্দী উদ্যানে বিকেল ৩টা থেকে মাগরিব পর্যন্ত চলবে এই গণসমাবেশ।আয়োজনে ইসলামিক স্কলার, খেলোয়াড়, সাংস্কৃতিক ও সামাজিক অঙ্গনের ব্যক্তিবর্গ, মিডিয়া ব্যক্তিত্ব ও নাগরিক সমাজের প্রতিনিধিরা একাত্মতা প্রকাশ করে সরব সমর্থন জানিয়েছেন।

মিজানুর রহমান আজহারী ফিলিস্তিন বাংলাদেশ ঢাকা সিটি গাজায় হামলা গণহত্যা

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 10 June, 2025 23:11

URL: https://timestodaybd.com/public/national/662775807